


তারিখ
 পৃষ্ঠা ১৮ বসান ... ৬



নেত্রকোনা : অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয় টিনশেড ঘর - ইন্ডেক্স

কালিয়াকৈরে ঝুঁকিপূর্ণ স্কুল ঘরের ক্লাস করছে ছাত্র-ছাত্রীরা

কালিয়াকৈর সংবাদদাতা : কালিয়াকৈর উপজেলার আটাবহ ইউনিয়নের সাতাজপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অযোগ্য ঘোষিত পরিষ্কৃত ভবনে এখনও ক্লাস চলাচ্ছে। স্থানজবাই এই ভবন ব্যবহার করার অন্যতম কারণ বলে জানা যায়। দুই বছর পূর্বেই ভবনটি পরিষ্কৃত ঘোষিত হয়। কিন্তু ওই ভবন ভেঙ্গে ফেলার জন্য অকস্মেৎ না হওয়ায় উদ্ভা ভেঙ্গে ফেলা যায় না। বিদ্যালয়ের কর্তৃপক্ষ জানান, ভবনটির অকস্মেৎ জন্য উপরতন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়েছে।

হয় মাসেও মেয়ামত
 হয় নাই জীপটি
 কালিয়াকৈর উপজেলা নির্বাহী অফিসরের জীপটি (চাকা-৪-১৬৫) গত ৬ মাস যাবৎ অচল হয়ে পড়ে আছে। ১৯৮৩ সনে সরবরাহকৃত জীপটি এক বছর আগে দেড় লাখ টাকায় মেয়ামত করা হয়। ছয় মাস ব্যবহারের পর এটি পুনরায় নষ্ট হয়ে যায়। উপজেলা প্রশাসন জীপটি পরিবর্তন করে নতুন একট জীপ সরবরাহের দাবী জানিয়েছেন। জীপের অভাবে বাতায়নত ব্যাহত হচ্ছে।

কেন্দ্রীয় স্কুল ঘরে আগুন ॥ ভয় দেখিয়ে টাকা আদায়

নেত্রকোনা সংবাদদাতা ॥ কেন্দ্রীয় উপজেলার রামনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন টিনশেড ঘরটি আগুনে পুড়িয়ে দিয়ে এখন বিদ্যালয়ের শিক্ষকদের নিকট থেকে ভয় দেখিয়ে টাকা আদায় করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া গিয়েছে। শিক্ষকরা এখন অসহায় অবস্থার মধ্যে রয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক লিখিতভাবে জানান যে, গত ৩১শে ডিসেম্বর রাত্রে সুপরিষ্কৃতভাবে পুরাতন টিনশেড ঘরটি কে বা কারা আগুনে পুড়িয়ে দেয়। তখন বিদ্যালয় পরিচালনা কমিটির একজন সদস্য হাবিবুর রহমান অগ্নিকাণ্ডের জন্য প্রধান শিক্ষক, শিক্ষক ও ২/১ জন অভিভাবককে দায়ী করে ইউএনও'র নিকট অভিযোগ দিলে উপজেলা শিক্ষা কর্মকর্তা তদন্তে আসলে অভিযোগকারী অজ্ঞাত কারণে তদন্ত কাজে বাধা প্রদান করেন। পরবর্তী পর্যায়ে হাবিবুর রহমান কর্তৃক দায়েরকৃত অভিযোগটি প্রত্যাহারের কথা বলিলে তিনি শিক্ষকদের নিকট ১০ হাজার টাকা দাবী করেন এবং বলেন যে, টাকা পেলেই তিনি অভিযোগটি প্রত্যাহার করবেন। এমতাবস্থায় এই ব্যক্তি প্রভাবশালী হওয়ায় বর্তমান শিক্ষকরা বদলী আতংকেও রয়েছেন বলেন প্রধান শিক্ষক জানিয়েছেন। তিনি অগ্নিকাণ্ড এবং শিক্ষকদের নিকট হতে টাকা দাবীর বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাবী জানিয়েছেন। এ ব্যাপারে জনাব হাবিবুর রহমানের সাথে যোগাযোগ করা হলে তিনি তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করেন এবং তিনিও বিষয়টির তদন্ত দাবী করেন।